

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৯১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২৬. খুত্বাহ দেয়ার সময় কারো সাথে ইমামের কথা বলা

باب الإِمَامِ يُكَلِّمُ الرَّجُلَ فِي خُطْبَتِهِ

আরবী

حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ كَعْبِ الأَنْطَاكِيُّ، حَدَّثَنَا مَخْلَدُ بْنُ يَزِيدَ، حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ، عَنْ عَطَاءٍ، عَنْ جَابِرٍ، قَالَ لَمَّا اسْتَوَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَوْمَ الْجُمُعَةِ قَالَ " اجْلِسُوا ". فَسَمِعَ ذَلِكَ ابْنُ مَسْعُودٍ فَجَلَسَ عَلَى بَابِ الْمَسْجِدِ فَرَآهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ " تَعَالَ يَا عَبْدَ اللهِ بْنَ مَسْعُودٍ ".

_ صحیح

قَالَ أَبُو دَاوُدَ هَذَا يُعْرَفُ مُرْسَلاً إِنَّمَا رَوَاهُ النَّاسُ عَنْ عَطَاءٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَمَخْلَدٌ هُوَ شَيْخٌ

বাংলা

১০৯১। জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক জুমু'আহর দিনে খুত্ববাহ দেয়ার উদ্দেশে মিম্বারে উঠে বললেন, সবাই বসে পড়ো। 'আবদুল্লাহ ইবনু মাস'উদ (রাঃ) একথা শুনে তাৎক্ষণিক মসজিদের দরজাতেই বসে পড়েন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে দেখে বললেনঃ ওহে 'আবদুল্লাহ ইবনু মাস'উদ! তুমি এগিয়ে এসো।[1]

সহীহ।

ইমাম আবৃ দাউদ (রহঃ) বলেন, এটি মুরসাল হাদীস হিসাবে পরিচিত। বণনাকারীরা এটি 'আত্বা (রহঃ) হতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সূত্রে বর্ণনা করেছেন। আর বর্ণনাকারী মাখলাদ একজন শায়খ।



English

Jabir said:

When the Messenger of Allah (ﷺ) seated himself on the pulpit on a Friday he said, Sit down. Ibn Mas'ud heard that and sat down at the door of mosque, and when the Messenger of Allah (ﷺ) saw him, he said: Come here, 'Abd Allah b. Mas'ud.

Abu Dawud said: This tradition is known as mursal (the successor reports directly from the Prophet, omitting then name of the Companion). The people narrated it from the Prophet (ﷺ) on the authority of 'Ata'. Makhlad is his teacher.

ফুটনোট

[1] আবূ দাউদ এটি এককভাবে বর্ণনা করেছেন। বায়হাকী ('সুনান' ৩/৫, ২০, ২০৬), হাকিম (১/২৮৩), ইবনু খুযাইমাহ (হাঃ ১৭৮০) সকলে ইবনু জুরাইজ হতে। ইমাম হাকিম বলেন: বুখারী ও মুসলিমের শর্ত মোতাবেক সহীহ, তবে তাঁরা এটি বর্ণনা করেননি। ইমাম যাহাবী তার সাথে একমত পোষণ করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন